গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন
১০৮,মতিঝিল বা/এ,ঢাকা-১০০০
www.dyd.gov.bd.

স্মারক নং- ৩৪.০১.০০০০.০২৮.০৪৮.০৫৫.১৩ - ৩০৫ তারিখঃ ২৬/০৭/২০১৫ খ্রি

বিষয়ঃ আত্মকর্মসংস্থান সৃজনে জেলা কার্যালয়, উপজেলা কার্যালয় ও প্রশিক্ষণ কেন্দ্রের কর্মকর্তা/প্রশিক্ষক /কর্মচারীদের জ্ঞাতব্য ও করণীয়।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তর যে সকল কর্মকাণ্ড পরিচালনা করছে তার অন্যতম প্রধান লক্ষ্য হচ্ছে, প্রশিক্ষণপ্রাপ্ত বেকার যুবদের পুঁজি ও অন্যান্য সহায়তা (উদ্বুদ্ধকরণ,অব্যাহত যোগাযোগ,কারিগরী পরামর্শ) প্রদানের মাধ্যমে তাদেরকে আত্মকর্মসংস্থান/কর্মসংস্থানে নিয়োজিতকরণ। কাজেই যে কোন প্রশিক্ষণ সংগঠন, ব্যবস্থাপনা ও পরিচালনার মূল লক্ষ্য হবে সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থীদের, আত্মকর্মসংস্থানে অথবা কর্মসংস্থানে(দেশে/বিদেশে) নিয়োজিতকরণ। কাজেই সঠিক প্রশিক্ষণার্থী বাছাই এবং প্রশিক্ষণকালীন তাদের কারিগরি বিষয়াদির পাশাপাশি আত্মকর্মসংস্থানে নিয়োজিত হতে উদ্বুদ্ধকরণ এবং এ সকল বিষয়ে সম্ভাবনা যাচাই অত্যন্ত গুরুত্বপূর্ণ যা এ লক্ষ্য অর্জনের অন্যতম পূর্বশর্ত। আত্মকর্মসংস্থানের সার্বজনীনতা থাকলেও অধিদপ্তর আত্মকর্মসংস্থানকে নিম্নোক্তভাবে সংজ্ঞায়িত করেছে ;

আত্মকর্মসংস্থানঃ যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণপ্রাপ্ত যুবক/যুবমহিলা, যারা অধিদপ্তরের ঋণ গ্রহণ নির্বিশেষে(পারিবারিক/সামাজিক/ জিও,এনজিও/অর্থলগ্নী প্রতিষ্ঠানের সহায়তায় পুঁজি গ্রহণ করে) এবং অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের প্রত্যক্ষ ও অব্যাহত যোগাযোগ,উদ্বুদ্ধকরণ ও পরামর্শক্রমে নিজের শ্রম,মেধা,দক্ষতা ও পুঁজি বিনিয়োগ করে উৎপাদনের লক্ষ্যে ঝুঁকি গ্রহণের মাধ্যমে যে প্রকল্প গ্রহণ করে, তাকেই আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প বলা হবে। এ প্রক্রিয়ায় সম্পৃক্ত যুবগণ যাদের মাসিক গড় আয় ন্যুনতম ৪৫০০/- হবে তাদেরকেই আত্মকর্মী হিসাবে তালিকাভুক্ত করা হবে।

পরোক্ষ কর্মসংস্থানঃ প্রতিটি আত্মকর্মসংস্থানমূলক প্রকল্পে (প্রকল্প ভেদে) ন্যুনতম ১জন হতে শুরু করে উল্লেখযোগ্য সংখ্যক মানুষের কর্মসংস্থান তৈরী হয়ে থাকে যাদেরকে পরোক্ষ কর্মী বা পরোক্ষ কর্মসংস্থান বলা হবে। পরোক্ষ কর্মসংস্থান দুই ধরনের; ক. পারিবারিক সদস্য (বিনা পারিশ্রমিকে) খ. বেতন ভিত্তিক নিয়োজিত শ্রমিক (সামান্য পারিশ্রমিকে)। যেহেতু একজন যুবক ও যুবমহিলার আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প সৃজনের কারণে এ ধরনের কাজের সুযোগ তৈরী হয়েছে,সেহেতু যারা এ সমস্ত প্রকল্পে কাজের সুযোগ পাচ্ছেন তাদেরকে পরোক্ষ আত্মকর্মী হিসাবে চিহ্নিত ও মুল্যায়ণ করা প্রয়োজন। কেননা অধিদপ্তরের কাজের(প্রশিক্ষণ,ঋণ ও আত্মকর্মসংস্থান) পরোক্ষ ফল হিসাবে এ ধরনের কর্মসংস্থান সৃজিত হয়েছে। কাজেই এ ধরণের কর্মসংস্থানের তালিকাও সংরক্ষণ করা বিশেষ প্রয়োজন।

২। যেহেতু সকল ধরণের প্রশিক্ষণ প্রদানের অন্যতম উদ্দেশ্য আত্মকর্মসংস্থান সৃজন, সেহেতু প্রশিক্ষণকালীনই প্রশিক্ষণার্থীদের আত্মকর্মী হওয়ার সম্ভাবনা(পরিবারের আর্থিক অবস্থা, প্রশিক্ষণার্থীর ধৈর্য্য,মনোবল,ঝুঁকি গ্রহনের ইচ্ছা,সততা,নৈতিকতা, নিষ্ঠা, ক্রীড়া প্রতিভা,সাংস্কৃতিক প্রতিভা সমাজসেবীতা ইত্যাদি) যাচাই করা অত্যন্ত জরুরী। প্রশিক্ষণ কেন্দ্র হতে প্রশিক্ষণকালীন প্রশিক্ষণার্থীদের বিভিন্ন বিষয়ে সম্ভাবনা যাচাইকালে নিরুপিত হবে আত্মকর্মসংস্থান সৃজনের অন্যতম উপসর্গ পুঁজি কোন উৎস হতে পাওয়া যাবে(পরিবার/সমাজ/বিধিবদ্ধ প্রতিষ্ঠান/অন্যান্য উৎস)। প্রতিটি প্রশিক্ষণ কোর্সের কোর্স পরিচালক, কোর্স কো-অর্ডিনেটর/প্রশিক্ষণ কেন্দ্র প্রধান/উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা এ দায়িত্ব প্রতিপালন করবেন। এ দায়িত্ব প্রতিপালনের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি প্রতি কোর্সের জন্য ১টি করে পাণ্ডুলিপি তৈরী করবেন, যার ভিত্তিতে প্রশিক্ষণোত্তর আত্মকর্মসংস্থান সৃজনের লক্ষ্যে উদ্যোগ গৃহীত হবে। তবে,কোন কোর্সে এ দায়িত্ব কে পালন করবেন তা পূর্ব হতে নির্ধারিত হতে হবে।

৩। আত্মকর্মসংস্থানে পুঁজি সরবরাহে অধিদপ্তরের ঋণ কার্যক্রমের উল্লেখযোগ্য ভূমিকা থাকলেও বাস্তবে এ কার্যক্রমের মাধ্যমে প্রশিক্ষণপ্রাপ্তদের মধ্য হতে মাত্র ১২-১৫ ভাগকে পুঁজি সরবরাহ করা যায়। বাকীদের আত্মকর্মসংস্থানে নিয়োজিতকরণে তাদের পারিবারিক উৎস হতে পুঁজি সংগ্রহকে প্রাধান্য দিতে হবে। তবে প্রশিক্ষণার্থীকে পরিবার হতে পুঁজি সরবরাহের বিষয়টি সংশ্লিষ্ট কর্মকর্তার ঐ পরিবারের সাথে ব্যক্তিগত যোগাযোগ কৌশলের উপর নির্ভর করবে। যাদের জন্য পরিবার হতে পুঁজি দেয়া সম্ভব হবে না তাদের জন্য কর্মসংস্থান ব্যাংকসহ সরকারী/বেসরকারী ব্যাংক ও এনজিওদের সুবিধা গ্রহণের বিষয়টি বিবেচনায় রাখতে হবে। প্রশিক্ষণার্থীদের আত্মকর্মসংস্থানে সম্পৃক্তকরণের দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা নিজে এ সকল স্থানে ব্যক্তিগত যোগাযোগ স্থাপন করে প্রশিক্ষণার্থীদের পক্ষে সুবিধাদি আদায়ের ব্যবস্থা নেবেন। এ সুবিধা প্রদান ও গ্রহণের লক্ষ্যে ইতোমধ্যে প্রধান কার্যালয় হতে কর্মসংস্থান ব্যাংক,জনতা ব্যাংক ও পি,কে,এস,এফ এর সহযোগী সংস্থা সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। প্রশিক্ষণপ্রাপ্ত যুবদের আত্মকর্মসংস্থানে অধিক হারে পুঁজি সরবরাহের লক্ষ্যে অধিদপ্তরের পক্ষ হতে নতুন নতুন প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্মারক প্রনয়ণের মাধ্যমে সুবিধা গ্রহণের প্রয়াস অব্যাহত রয়েছে। আশা করা যায় সংশ্লিষ্ট সকলে বর্ণিত বিষয়াদি বিবেচনায় নিয়ে যার যার জন্য নির্ধারিত আত্মকর্মসংস্থান সৃজনের (যথাযথ ও যৌক্তিকভাবে) কাজে নিবেদিত হবেন

৪। **দ্বৈততা পরিহার ঃ**

ক . জেলা ও প্রশিক্ষণ কেন্দ্রের কর্মকর্তা/কর্মচারীগণ জেলাধীন সকল প্রশিক্ষণ কেন্দ্র এবং আবাসিক যুব প্রশিক্ষণ কেন্দ্রের আওতাভুক্ত সকল প্রাতিষ্ঠানিক ট্রেড ও উপজেলার কর্মকর্তা/কর্মচারীগণ উপজেলাধীন সকল অপ্রাতিষ্ঠানিক ট্রেডের প্রশিক্ষণপ্রাপ্তদের মধ্য হতে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য প্রয়োজনীয় সংখ্যক যুবদেরকে আত্মকর্মসংস্থানে নিয়োজিত করবেন। প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্স শেষে প্রশিক্ষণার্থীর তালিকায় জেলা ,অনাবাসিক প্রশিক্ষণ কেন্দ্র এবং আবাসিক যুব প্রশিক্ষণ কেন্দ্রে কর্মরত কর্মকর্তা/প্রশিক্ষক কর্মকর্তা/কর্মচারীগণের লক্ষ্যমাত্রা অনুযায়ী যুবদের নাম আত্মকর্মী সৃজনের জন্য চিহ্নিত করে স্ব-স্ব কার্যালয়ে সংরক্ষণ করতঃ ব্যাচের সকল প্রশিক্ষণার্থীর তালিকার একটি কপি সংশ্লিষ্ট উপজেলায় প্রেরণ করবেন, যাতে চিহ্নিত যুবগণ আত্মকর্মী সৃজনের ক্ষেত্রে উপজেলার লক্ষ্যমাত্রার বাইরে থাকে।

খ. যদিও প্রাতিষ্ঠানিক ট্রেডে প্রশিক্ষিতদের মধ্য হতে তালিকায় চিহ্নিতদেরকে জেলা/প্রশিক্ষণ কেন্দ্রের কর্মকর্তা,প্রশিক্ষকগণ কর্তৃক আত্মকর্মী সৃজনের উদ্যোগ নেয়া হবে তথাপিও এ সকল প্রশিক্ষণার্থীগণ ঋণ সুবিধা পেতে চাইলে বিধি বিধান প্রতিপালন সাপেক্ষে স্বস্ব উপজেলা হতে তাদের ঋণ সুবিধা প্রদান করতে হবে।

গ. প্রতিটি কার্যালয়ের শুরু হতে এ পর্যন্ত একটি প্রশিক্ষণ এবং একটি আত্মকর্ম পুল রয়েছে। প্রতিবছর নতুন প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে এ পুল সমৃদ্ধ হচ্ছে এবং প্রশিক্ষণ পুল হতে পর্যায়ক্রমে আত্মকর্মে নিয়োজিত করণের কাজ চলবে।

ঘ. যাদেরকে যুব উন্নয়ন অধিদপ্তর হতে ঋণ সুবিধা দেয়া যাবে না, তাদেরকে পারিবারিক উৎস হতে/কর্মসংস্থান ব্যাংক, জনতা ব্যাংক, পি,কে,এস,এফ অথবা অন্য কোন উৎস হতে (পুঁজি) ঋণ প্রাপ্তিতে আত্মকর্মসংস্থান সৃজনের দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা/প্রশিক্ষক, কর্মচারীগণ প্রত্যক্ষ ভূমিকা (এডভোকেসি) রাখবেন। এক্ষেত্রে প্রশিক্ষণার্থীর বাড়ীতে গমণ করে প্রশিক্ষণাথীর জ্ঞান/দক্ষতা ও উদ্যোগকে কাজে লাগিয়ে আত্মকর্মসংস্থানে নিয়োজিত হতে তার পিতা, মাতা,ভাই,বোন যেন পুঁজি যোগান দিয়ে সহায়ক ভূমিকা পালন করেন, সে বিষয়ে কাজ করা যেতে পারে।

৫। একটি প্রকল্প সৃজনের পর প্রকল্পটির ধারাবাহিকতা নিরুপণ জরুরী বিধায় সৃজনের ৮-১২ মাসের ব্যবধানে ন্যুনতম আর একবার অর্থাৎ মোট ২বার পরিদর্শন করে প্রকল্পের সার্বিক অবস্থার তথ্য লিপিবদ্ধ করতে হবে।

৬। পরিবার ভিত্তিক কর্মসংস্থান কর্মসূচির আওতায় ঋণ বিতরণের লক্ষ্যে গঠিত কেন্দ্রের সকল সদস্য (১ম দফায়) আত্মকর্মে নিয়োজিত হবেন। কেননা তাদেরকে "ঋণ ব্যবহার ও সামাজিক ইস্যুতে সচেতনতা বৃদ্ধিমূলক" ৫দিনের প্রশিক্ষণের পর সরবরাহকৃত পুঁজি ব্যবহারের মাধ্যমে পারিবারিক স্বচ্ছলতা বৃদ্ধির বিষয়ে ব্যাপক ধারণা দেয়া হয়। তাছাড়া সদস্যগণ অধিদপ্তরের সাথে গড়ে ৩ বছর সংযুক্ত থাকলে ৪৫ হাজার টাকা পুঁজি পাচ্ছে। এধরণের ঋণীগণ তাদের গৃহীত ঋণ সাধারনভাবে ক্ষুদ্র ও লাভজনক ব্যবসায় বিনিয়োগ করে থাকেন, যা আত্মকর্ম(ব্যক্তিকেন্দ্রিক) ঋণের নীতি হতে ভিন্ন। ফলে তাদেরকে সহজে আত্মকর্মে নিয়োজিত করার সুযোগ এবং সম্ভাবনা প্রায় শতভাগ। এ সকল ঋণীগণ উপজেলার আত্মকর্মী হিসাবে চিহ্নিত হলেও তারা প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক ট্রেডে প্রশিক্ষণপ্রাপ্ত যুবদের মধ্য হতে আত্মকর্মী সৃজনের নির্দেশিত লক্ষ্যমাত্রার বাইরে থাকবে।

৭। **চাকুরীনির্ভর ও সার্ভিসওরিয়েন্টেড প্রশিক্ষণঃ** ( মর্ডান অফিস ম্যানেজমেন্ট, কম্পিউটার ইত্যাদি)
যেহেতু এ সকল ট্রেডে প্রশিক্ষণ প্রাপ্ত যুবদের স্ব-স্ব ট্রেডে আত্মকর্মসংস্থানে নিয়োজিত হওয়ার সুযোগ সীমিত, সেহেতু এ সমস্ত ট্রেডে কর্মরত প্রশিক্ষক কর্মকর্তা/কর্মচারীগণ স্বস্ব ট্রেডে আত্মকর্মসংস্থান/কর্মে নিয়োজিত করনের তথ্য সংরক্ষণের পাশাপাশি মৎস্য, পোষাক, ব্লক বাটিক এবং সদর উপজেলার অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণপ্রাপ্তদের মধ্য হতে লক্ষ্যমাত্রানুযায়ী আত্মকর্মসংস্থানে নিয়োজিত করবেন। কোন প্রশিক্ষক কোন মাসে কোন ট্রেডের প্রশিক্ষণার্থীদের আত্মকর্মসংস্থানে নিয়োজিত করবেন তার লক্ষ্যমাত্রা বছরের শুরুতেই উপ-পরিচালক/কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর কর্তৃক নির্ধারিত হবে।

৮। অধিদপ্তরের আওতায় পরিচালিত প্রাতিষ্ঠানিক/অপ্রাতিষ্ঠানিক সকল ট্রেডে (কম্পিউটার, ইলেট্রনিক্স,ইলেকট্রিক্যাল এন্ড ওয়ারিং, রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং,মডার্ণ অফিস ম্যানেজমেন্ট এবং হাঁসমুরগী,গবাদি পশু পালন, মৎস্য চাষ ও কৃষি বিষয়ক প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে) প্রশিক্ষণপ্রাপ্ত যুবগণের কর্মসংস্থান/ আত্মকর্মসংস্থানের তথ্য সংগ্রহপূর্বক তাদের তালিকা পূর্ববর্তী তথ্যের ধারাবাহিকতা রক্ষা করে উপজেলা,জেলা ও বিভিন্ন প্রশিক্ষণ কেন্দ্রের স্থায়ী রেজিষ্টারে(ছক ১ এবং ২ মাফিক) সংরক্ষণ করতে হবে। যেহেতু সার্ভিস ওরিয়েন্টেড ট্রেডে প্রশিক্ষিতদের অন্যান্য ট্রেডে প্রশিক্ষণপ্রাপ্তদের তুলনায় বিদেশগমণ এবং চাকুরীতে নিয়োজিত হওয়ার সম্ভাবনা অনেক বেশী,সেহেতু যারা চাকুরীতে যোগ দিচ্ছেন এবং বিদেশগমণ করেছেন, তাদের তথ্যও যথাযথভাবে সংগ্রহ ও সংরক্ষন করতে হবে।

৯। **রেকর্ড সংরক্ষণ ঃ**

ক. প্রতিটি কার্যালয়ে সকল কর্মকর্তা/কর্মচারী আলাদাভাবে ছক''ক'' এর আদলে একটি রেজিস্টারে আত্মকর্মীদের যার যার তথ্য সংরক্ষণ করবেন। যে কোন সময়ে উদ্ধর্তন কর্তৃপক্ষ কর্তৃক তা যাচাই করা হতে পারে। মাস শেষে এ সকল তথ্য একই ছকে সমন্বিত আকারে কার্যালয়ে ১টি স্থায়ী রেজিষ্টারে পূর্বের ধারাবাহিকতায় সংরক্ষিত হবে। এ তথ্য আত্মকর্মীর তালিকা কর্মসূচির শুরু হতে হালনাগাদ করে উপজেলাভিত্তিক ১টি পুস্তিকা প্রনয়ণ করার উদ্যোগ নিতে হবে। এছাড়া প্রশিক্ষণার্থীকে শুরুতেই জেলার প্রতিষ্ঠিত আত্মকর্মীদের সংক্ষিপ্ত তথ্যচিত্রভিত্তিক তথ্যাবলী অবহিত করলে প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ গ্রহণে অধিক আগ্রহী হতে পারে।

খ. যে সকল প্রশিক্ষিত যুব দেশে চাকুরীতে যোগ দিয়েছেন, বিদেশে গমণ করেছেন, তাদের তথ্যও একটি স্থায়ী রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে। যোগাযোগের জন্য একাধিক মোবাইল/টেলিফোন নম্বর রাখা যায়।

১০। রিপোর্টিং ঃ

জেলার উপ-পরিচালক,সহকারী পরিচালক ও জেলাধীন প্রশিক্ষণকেন্দ্রের প্রশিক্ষক কর্মকর্তা/কর্মচারীগণ, আবাসিক যুব প্রশিক্ষণ কেন্দ্র এবং উপজেলার কর্মকর্তা/কর্মচারীগণ এবিষয়ক অগ্রগতির তথ্য সংযুক্ত (পৃষ্ঠা-৪) ছক''ক'' মতে স্ব-স্ব কার্যালয়ে সংরক্ষণ এবং ছক "খ" মতে সমন্বিত করে জেলা কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ করবেন . জেলার উপ-পরিচালকগণ উপজেলা, যুব প্রশিক্ষণ কেন্দ্র এবং জেলা কার্যালয়ের প্রশিক্ষণ কেন্দ্রসহ তাদের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত সংখ্যাভিত্তিক অগ্রগতির সমন্বিত প্রতিবেদন ছক 'গ' এর মাধ্যমে প্রতিমাসে প্রধান কার্যালয়ে পাঠাবেন।

(আনোয়ারুল করিম)
মহাপরিচালক
ফোন ঃ ৯৫৫৯৩৮৯

প্রাপকঃ

উপ-পরিচালক/কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর/সহকারী পরিচালক/সিনিয়র প্রশিক্ষক/সিডিও/
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/ প্রশিক্ষক/ক্রেডিটসুপারভাইজার/জুনিয়র প্রশিক্ষক/ডেমনস্ট্রেটর/সহকারী প্রশিক্ষক(সকল)
...............জেলা/.....................(সকল) যুব প্রশিক্ষণ/(সকল) উপজেলা, যুব উন্নয়ন অধিদপ্তর।

স্মারক নং- ৩৪.০১.০০০০.০২৮.০৪৮.০৫৫.১৩ - তারিখঃ----------------

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

০১। পরিচালক/প্রকল্প পরিচালক (সকল),............................... যুব উন্নয়ন অধিদপ্তর,ঢাকা।
০২। সহকারী পরিচালক (আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৪। অফিস কপি/গার্ড নথি।

(নাসরিন আক্তার)
কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসার (দাঃবিঃ ও ঋণ)

স্মারক নং- ৩৪.০১.০০০০.০২৮.০৪৮.০৫৫.১৩ - ৩০৫ তারিখঃ-২৬/০৭/২০১৫খ্রিঃ

## আত্মকর্মসংস্থান সৃজন/কর্মসংস্থানে নিয়োজিতদের তথ্য সংগ্রহের লক্ষ্যে ব্যবহৃত তথ্য ছক (ছক-ক) ।

জেলা/প্রশিক্ষণ কেন্দ্র/উপজেলার নাম .... মাস......................বছর.................... নমুনাছক "ক"(প্রতি কার্যালয়/ইউনিট/সেন্টারে কর্মরতগণ কর্তৃক ব্যবহারের মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃজন ও সংরক্ষণের জন্য )

| আত্মকর্মসংস্থান সৃজনে উদ্বুদ্ধকারী কর্মকর্তা/কর্মচারীর নাম ও পদবী | প্রশিক্ষণের ধরণ নিয়মিত/বিশেষ | প্রশিক্ষণার্থীর নাম | প্রশিক্ষণার্থীর পিতা/স্বামীর নাম ও ঠিকানা | প্রশিক্ষণের বিষয় ও সময়কাল | সাধারণ প্রশিক্ষণ হতে আত্মকর্মসংস্থান সৃজন (ক) | | | | | বিশেষ প্রশিক্ষণ হতে আত্মকর্মসংস্থানের অগ্রগতি (খ)* | | | | | | | | | পরিবার ভিত্তিক ঋণ হতে আত্মকর্মসংস্থানের অগ্রগতি (গ)* | | | | | | | | | আত্মকর্মসংস্থান মূলক প্রকল্পে পরোক্ষ কর্মসংস্থানের সংখ্যা | | | কর্মসংস্থানে নিয়োজিত প্রতিষ্ঠানের নাম | মোবাইল নং (কর্মসংস্থানে নিয়োজিত/আত্মকর্মীর) | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | প্রকল্পের নাম ও ঠিকানা | প্রকল্প গ্রহণের তারিখ | প্রকল্পে প্রাথমিক অর্থের উৎস ও পরিমাণ | পরিদর্শনের তারিখে মাসিক আয় | | অগ্রগতি(সংখ্যা) | | | | | | ক্রমপুঞ্জিত অগ্রগতি | | | অগ্রগতি(সংখ্যা) | | | | | | ক্রমপুঞ্জিত অগ্রগতি * | | | | | | | | |
| | | | | | | | | ১ম পরিঃ | ২য় পরিঃ | চলমান মাস | | | বছরের মোট | | | | | | চলমান মাস | | | বছরের মোট | | | | | | চলমান মাসের | বছরের | ক্রমঃ | | | |
| | | | | | | | | | | পুঃ | মঃ | মোট | পুঃ | মঃ | মোট | পুঃ | মঃ | মোট | পুঃ | মঃ | মোট | পুঃ | মঃ | মোট | পুঃ | মঃ | মোট | | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ২৮ | ২৯ | ৩০ | ৩১ | ৩২ | ৩৩ | ৩৪ |
| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| সর্বমোট | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |

কার্যালয়ের নাম.................মাসের নাম.....................বছর.................. ছক 'খ' (প্রতিটি কার্যালয়াধীন সকল কর্মকর্তা/কর্মচারীর আত্মকর্মসংস্থান সৃজন/ কর্মসংস্থানে নিয়োজিতদের সমন্বিত ছক উপজেলা ও জেলাধীন প্রশিক্ষণ কেন্দ্র এবং আবাসিক যুব প্রশিক্ষণ কেন্দ্র হতে জেলায় প্রেরণযোগ্য)

| ক্রঃ নং | আত্ম-কর্মসংস্থান সৃজনে উদ্বুদ্ধকারী কর্মকর্তা/প্রশিক্ষকের নাম ও পদবী | লক্ষ্যমাত্রা (সংখ্যা) | | নিয়মিত প্রশিক্ষণ হতে আত্মকর্মসংস্থানের অগ্রগতি (ক) | | | | | | | | | বিশেষ প্রশিক্ষণের অগ্রগতি (সংখ্যা) | | বিশেষ প্রশিক্ষণ হতে আত্মকর্মসংস্থানের অগ্রগতি (খ) | | | | | | | | | পরিবার ভিত্তিক ঋণ কর্মসূচীর সুবিধাভোগীদের মধ্য হতে আত্মকর্মসংস্থান(গ) | | | | | | | | | পরোক্ষ কর্মসংস্থানের অগ্রগতি | | | বেতন ভিত্তিক নিয়োজিতদের | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | অগ্রগতি(সংখ্যা) | | | | | | ক্রমপুঞ্জিত অগ্রগতি | | | | | অগ্রগতি(সংখ্যা) | | | | | | ক্রমপুঞ্জিত অগ্রগতি | | | অগ্রগতি(সংখ্যা) | | | | | | ক্রমপুঞ্জিত অগ্রগতি | | | | | | | | |
| | | | | চলমান মাস | | | বছরের মোট | | | | | | | | চলমান মাস | | | বছরের মোট | | | | | | চলমান মাস | | | বছরের মোট | | | | | | | | | | | |
| | | বছর | চলমান মাস পর্যন্ত | পুঃ | মঃ | মোট | পুঃ | মঃ | মোট | পুঃ | মঃ | মোট | চলমান মাস | ক্রম পুঞ্জিত | পুঃ | মঃ | মোট | পুঃ | মঃ | মোট | পুঃ | মঃ | মোট | পুঃ | মঃ | মোট | পুঃ | মঃ | মোট | পুঃ | মঃ | মোট | চলমান মাসের | বছরের | ক্রমপুঞ্জিত | চলমান মাসের | বছরের | ক্রমপুঞ্জিত |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ২৮ | ২৯ | ৩০ | ৩১ | ৩২ | ৩৩ | ৩৪ | ৩৫ | ৩৬ | ৩৭ | ৩৮ | ৩৯ |
| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | সর্বমোট | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |

*বিশেষ প্রশিক্ষণ এবং পরিবারভিত্তিক ঋণীদের মধ্য হতে যারা আত্মকর্মী হবেন তারা প্রশিক্ষণ কেন্দ্রের /উপজেলার সামগ্রিক অবদান, এ অবদান ব্যক্তিগত লক্ষ্যমাত্রার বাইরে থাকবে।

## আত্মকর্মসংস্থান সৃজন, পরোক্ষ কর্মসংস্থান নিয়োজিত ও কর্মসংস্থানে নিয়োজিতদের তথ্য প্রেরণের সমন্বিত ছকের নমূনা (ছক-গ)

জেলার নাম---------------------------। মাসের নাম....................বছর............... ছক 'গ' (প্রতিটি কার্যালয়াধীন সকল কর্মকর্তা/কর্মচারীদের সাধিত অগ্রগতির সমন্বিত ছক জেলা কার্যালয় কর্তৃক প্রধান কার্যালয়ে প্রেরণের জন্য)

| ক্রঃ নং | কার্যালয়ের নাম | আত্মকর্ম সংস্থান সৃজনে উদ্বুদ্ধকারী কর্মকর্তা/ কর্মচারীর সংখ্যা | লক্ষ্যমাত্রা (সংখ্যা) | নিয়মিত প্রশিক্ষণ হতে আত্মকর্মসংস্থানের অগ্রগতি (ক) | | | | | | | | | বিশেষ প্রশিক্ষণের অগ্রগতি (যদি থাকে) | | বিশেষ প্রশিক্ষণ হতে আত্মকর্মসংস্থানের অগ্রগতি (খ) | | | | | | | | | পরিবার ভিত্তিক ঋণ হতে আত্মকর্মসংস্থানের অগ্রগতি (গ) | | | | | | | | | ক্রমপুঞ্জিত মোট অগ্রগতি (ক+খ+গ) | | | পরোক্ষ কর্মসংস্থানের অগ্রগতি | | | কর্মসংস্থানে নিয়োজিত হওয়ার অগ্রগতি (বেতন ভিত্তিক) | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | চলমান মাস | | | বছরের মোট | | | ক্রমপুঞ্জিত অগ্রগতি | | | | | অগ্রগতি(সংখ্যা) | | | | | | ক্রমপুঞ্জিত অগ্রগতি | | | অগ্রগতি | | | | | | ক্রমপুঞ্জিত অগ্রগতি | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | চলমান মাস | | | বছরের মোট | | | | | | চলমান মাস | | | বছরের মোট | | | | | | | | | | | | | | |
| | | | বছর | পুঃ | মঃ | মোট | পুঃ | মঃ | মোট | পুঃ | মঃ | মোট | চলঃ | ক্রমঃ | পুঃ | মঃ | মোট | পুঃ | মঃ | মোট | পুঃ | মঃ | মোট | পুঃ | মঃ | মোট | পুঃ | মঃ | মোট | পুঃ | মঃ | মোট | পুঃ | মঃ | মোট | চলমান | বছরের | ক্রমঃ | চলমান | বছরের | ক্রমপুঞ্জিত |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ২৮ | ২৯ | ৩০ | ৩১ | ৩২ | ৩৩ | ৩৪ | ৩৫ | ৩৬ | ৩৭ | ৩৮ | ৩৯ | ৪০ | ৪১ | ৪২ |
| ১. | জেলা কার্যালয় | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ২. | যুব প্রশিক্ষণ কেন্দ্র | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৩. | উপজেলার নাম | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৪. | " | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৫. | " | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৬. | " | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | সর্বমোট | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |

প্রস্তুতকারীর নামযুক্ত স্বাক্ষর

উপ-পরিচালকের নামযুক্ত স্বাক্ষর